## প্রেস বিজ্ঞপ্তি

## আইকিউএসি'র উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে "Creating a Safe Campus: Combating Bullying at the University of Dhaka" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (IQAC) এর উদ্যোগে Anti-Bullying বিষয়ে সচেতনতা বৃদ্ধি ও শিক্ষার্থীদের নিরাপদ পরিবেশ তৈরির লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সকল ইনস্টিটিউট/ বিভাগের শিক্ষক এবং শিক্ষার্থীদের স্বতঃস্কূর্ত অংশগ্রহণে "Creating a Safe Campus: Combating Bullying at the University of Dhaka" শীর্ষক একটি সচেতনতামূলক কর্মশালা ২৬ জুন, ২০২৫ (বৃহস্পতিবার) মুজাফফর আহমদ চৌধুরী মিলনায়তন, সামাজিক বিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অধ্যাপক ড. মো. সাইফুল আলম, অতিরিক্ত পরিচালক, আইকিউএসি, ঢাকা বিশ্ববিদ্যালয়।

কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক ড. এম. রেজাউল ইসলাম, পরিচালক, আইকিউএসি, ঢাকা বিশ্ববিদ্যালয় । তাঁর প্রবন্ধে তিনি শিক্ষাঙ্গনে বুলিং-এর প্রেক্ষাপট, এর সামাজিক ও মানসিক প্রভাব এবং এটি প্রতিরোধে শিক্ষক ও শিক্ষার্থীদের করণীয় বিষয়ে বিশদভাবে আলোকপাত করেন। তিনি বুলিং প্রতিরোধে অংশগ্রহণমূলক দৃষ্টিভঙ্গি, সহনশীলতা বৃদ্ধি এবং দায়িত্বশীল আচরণের গুরুত্ব ভুলে ধরেন।

অংশগ্রহণকারীদের নিজেদের অভিজ্ঞতা ও মূল্যবান মতামত প্রকাশের মাধ্যমে একটি পারস্পরিক শেখার পরিবেশ তৈরি হয়, যা ভবিষ্যতে বুলিং প্রতিরোধে তাঁদের ভূমিকা পালনে সহায়ক হবে বলে প্রত্যাশা করা হয়। উল্লেখ্য, কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইনস্টিটিউট ও বিভাগ থেকে আগত ৫০ জন বিভাগীয়ে স্টুডেন্ট অ্যাডভাইজার এবং ২০০ জন ছাত্র প্রতিনিধি (প্রতি সেমিস্টার বা বর্ষ থেকে একজন করে ক্লাস রিপ্রেজেন্টেটিভ) কর্মশালায় অংশগ্রহণ করেন।

এ কর্মশালার মাধ্যমে প্রত্যাশা করা হয় যে, একটি নিরাপদ ও বুলিংমুক্ত শিক্ষাপরিবেশ গঠনে ঢাকা বিশ্ববিদ্যালয় একটি রোল মডেল হিসেবে আত্মপ্রকাশ করবে।

## **Press Release**

## IQAC Hosts Workshop on "Creating a Safe Campus: Combating Bullying at the University of Dhaka"

Institutional Quality Assurance Cell (IQAC), University of Dhaka successfully organized an anti-bullying workshop with the aim of raising awareness about anti-bullying and creating a safer, more inclusive environment for students. The workshop titled "Creating a Safe Campus: Combating Bullying at the University of Dhaka" was held on Thursday, 26 June 2025, at the Professor Muzaffar Ahmed Chowdhury Auditorium, University of Dhaka.

The event was moderated by Professor Dr. Md. Saiful Alam, Additional Director, IQAC, University of Dhaka.

The session featured a keynote presentation by **Professor Dr. M. Rezaul Islam, Director of IQAC**, University of Dhaka. In his presentation, he provided a comprehensive discussion on the context of bullying in academic institutions, its social and psychological impacts, and the roles and responsibilities of both teachers and students in preventing bullying. He emphasized the importance of participatory approaches, fostering tolerance, and promoting responsible behavior within the campus community.

Participants engaged in interactive sessions, including a Q & A segment and experience-sharing discussions, which facilitated the exchange of valuable perspectives and practical strategies to combat bullying. This created a collaborative learning environment, empowering participants to play a more proactive role in promoting a respectful and safe campus culture.

Notably, the workshop was attended by 50 departmental student advisors and 200 class representatives (one from each semester or year) from various departments and institutes across the university.

It is expected that this workshop will serve as a milestone towards establishing the University of Dhaka as a role model in ensuring a bullying-free, safe, and inclusive academic environment.